গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
নাটোর

স্মারক নং ঃ ৭/২৪

তারিখ ০৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২১ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ মাসিক পুলিশ-ম্যাজিস্ট্রেসী কনফারেন্স প্রসঙ্গে।

সূত্র ঃ ১। মাননীয় হাইকোর্ট বিভাগ, ঢাকা এর বিজ্ঞপ্তি নং- ০৩/২০১৭, তারিখ- ০৭ মে ২০১৭ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, "Criminal Rules and Orders, 2009" এর Rule No.- 481 মোতাবেক পুলিশ-ম্যাজিস্ট্রেসীর পারস্পরিক সমন্বয় ও গঠনমূলক আলোচনার মাধ্যমে ফৌজদারী মামলার তদন্ত ও বিচার কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে পুলিশ-ম্যাজিস্ট্রেট এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে মাননীয় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জনাব মারুফ আহমেদ এর সভাপতিত্বে মাসিক পুলিশ-ম্যাজিস্ট্রেসী কনফারেন্স আগামী ২৬-১০-২০২৪ খ্রিস্টাব্দ শনিবার সকাল ১০.০০ ঘটিকায় জেলা জজ আদালতের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে।

উক্ত কনফারেন্সে যথাসময়ে আপনাকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। সর্বশেষ সভার কার্য বিবরণী অনুমোদন;
২। সর্বশেষ সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
৩। সময়মত মেডিক্যাল সার্টিফিকেট/ময়না তদন্ত প্রতিবেদন/ফরেনসিক/ভিসেরা রিপোর্ট প্রাপ্তি;
৪। মাদক মামলায় মামলার সাথে সাথেই আলামত প্রেরণ;
৫। সাক্ষী উপস্থাপনের পর সংশ্লিষ্ট বেঞ্চ সহকারীর নিকট হতে প্রত্যয়ন গ্রহণ;
৬। ইনকোয়ারি বা ইনভেস্টিগেশন এর ক্ষেত্রে প্রতিবন্ধকতা দূরীকরণ;
৭। সমন জারী/গ্রেফতারী/হুলিয়া ও ক্রোকি পরোয়ানা (পি.এন্ড এ.) তামিল;
৮। হুলিয়া জারী এবং সম্পত্তি জব্দ করার বিষয়ে দ্রুত প্রতিবেদন প্রাপ্তি;
৯। পুলিশ কর্তৃক মামলায় সাক্ষী উপস্থিতকরণ;
১০। আদালতে আসা-যাওয়ার পথে এবং আদালত চত্বরে সাক্ষীদের নিরাপত্তা নিশ্চিতকরণ;
১১। বিচারক ও ম্যাজিস্ট্রেটগণের নিরাপত্তা ব্যবস্থা এবং আদালত চত্বরের নিরাপত্তা বিধান;
১২। সময়মত মালখানা হতে আদালতে আলামত উপস্থাপন;
১৩। মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে গ্রহণীয় পদক্ষেপ সমূহ;
১৪। মামলায় জব্দকৃত আলামতের নিষ্পত্তি/ধ্বংসের ব্যবস্থাকরণ/নিলাম বিক্রয়ের বিষয়;
১৫। পুলিশ রিমান্ড ও ফৌজদারী কার্যবিধির ৫৪ ধারায় গ্রেফতারের ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় আপীল বিভাগের নির্দেশনা প্রতিপালন হচ্ছে কি না তা তদারকি;
১৬। পারিবারিক মামলায় গ্রেফতারী পরোয়ানা তামিল;
১৭। সময়মতো ধার্য্য তারিখের পূর্বেই NER আদালতে প্রেরণ;
১৮। গ্রেফতারের ২৪ ঘন্টার মধ্যেই আসামীকে আদালতে উপস্থাপন নিশ্চিতকরণ;
১৯। জামিন প্রাপ্ত আসামীদের কারাগার থেকে মুক্তি প্রদান প্রসঙ্গে;
২০। বিবিধ।

স্বাক্ষরিত/-
(মোঃ তৌহিদুর রহমান সুমন)
জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
ও
ফোকাল পার্সন
পুলিশ-ম্যাজিস্ট্রেসী কনফারেন্স
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত
নাটোর